



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০০২.২০-২৮৫


তারিখ: ০৩ ফাল্গুন ১৪২৯
১৬ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: বগুড়া পৌরসভা এর নিয়ন্ত্রণাধীন শহীদ খোকন পার্ক, বগুড়ায় নতুন একটি শহীদ মিনার নির্মাণ।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয় এর পত্র নং-০৫.৫০.১০০০.০০৬.০০২.০০১.২০.১৬৬, তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে বগুড়া পৌরসভার নিয়ন্ত্রণাধীন শহীদ খোকন পার্কে অবস্থিত শহীদ মিনারটি অপসারণ করে ভাষা আন্দোলনের চেতনার সাথে সামঞ্জস্য রেখে একটি নতুন শহীদ নির্মাণের অনুমতি প্রদানসহ প্রয়োজনীয় অর্থ বরাদ্দের অনুরোধ করা হয়। উল্লেখ্য, উক্ত স্থানে একুশের চেতনাসমৃদ্ধ কেন্দ্রীয় শহীদ মিনারের আদলে বিদ্যমান শহীদ মিনারের স্থানে নতুন একটি শহীদ মিনার নির্মাণ করা হবে কিনা অথবা নতুন কোন স্থানে শহীদ মিনারটি নির্মাণ করা হবে কিনা, এ বিষয়ে জেলা প্রশাসকের সভাপতিত্বে সংশ্লিষ্ট পৌরসভা, জেলা পরিষদ-সহ সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে পুনরায় সভা অনুষ্ঠানপূর্বক সুস্পষ্ট প্রস্তাবনা প্রয়োজন।

২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট পৌরসভা, জেলা পরিষদ-সহ সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে পুনরায় সভা অনুষ্ঠানপূর্বক সভার কার্যবিবরণীসহ বগুড়া পৌরসভার নিয়ন্ত্রণাধীন শহীদ খোকন পার্কে নতুন একটি শহীদ নির্মাণ সংক্রান্ত সুস্পষ্ট পূর্ণাঙ্গ প্রস্তাবনা পুনরায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মোঃ আব্দুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২-৯৫১৪১৪২

ইমেইল: lgpaural@lgd.gov.bd

জেলা প্রশাসক
জেলা প্রশাসকের কার্যালয়
বগুড়া

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. উপসচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মেয়র, বগুড়া পৌরসভা, বগুড়া
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা